ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



ফের মা হচ্ছেন ইলিয়ানা?

c‡ 7



বুমরাহকে নিয়ে অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রীর রসিকতা

c‡ 8

Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০০৭ ● কলকাতা ● ২২ পৌষ, ১৪৩১ ● মঙ্গলবার ● ০৭ জানুয়ারী ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## মানবিক মমতা, বাংলাদেশ থেকে ফেরা ৯৫ মৎস্যজীবীকে ১০ হাজার টাকা করে আর্থিক সাহায্য



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

গঙ্গাসাগরে গিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়। সোমবার সেখানে গিয়ে বাংলাদেশের জেল থেকে মুক্তি পাওয়া ৯৫ জন মৎস্যজীবীদের সঙ্গে সাক্ষাৎ করেন তিনি। এরপরেই বন্দি থাকা বাংলার মৎস্যজীবীদের ১০ হাজার টাকা করে দিলেন মুখ্যমন্ত্রী। সেই সঙ্গে তিনি নিহত মৎস্যজীবীর স্ত্রী পুতুল দাসকে হাতে তুলে দেন ২ লক্ষ টাকা। উল্লেখ্য, গত দু'মাস আগে গভীর সমুদ্রে মাছ ধরতে গিয়েছিল ৬টি ভারতীয় ট্রলার। তখন বাংলার ৯৫ জন মৎস্যজীবী বাংলাদেশের জল সীমায় ঢুকে পড়েন। তারপরই বাংলাদেশের উপকূল রক্ষা বাহিনী তাঁদের গ্রেফতার করেন। আর সেইসময় ধরপাকড় চলাকালীন জলে ঝাঁপ দিলে একজনের মৎস্যজীবীর মৃত্যু হয়। এই ঘটনার পর থেকে বাংলাদেশের মংলা ও পটুয়াখালি জেলে বন্দি ছিলেন ভারতীয় মৎস্যজীবীরা। এর পরপরই মৎস্যজীবীদের একটি সংগঠন প্রশাসনের

এরপর ৩ পাতায়


## ভারতে এসে হাসিনাকে জেরা করতে চায় তদন্ত কমিশন



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

হাসিনাকে ফেরত চায় বাংলাদেশ। তাঁর বিরুদ্ধে দায়ের করা হয়েছে শতাধিক মামলা। কিন্তু ভারত সরকার যদি বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফেরত না পাঠায়, তবে এ দেশে এসেই হাসিনাকে জিজ্ঞাসাবাদ করতে চায় জাতীয় স্বাধীন তদন্ত কমিশন। ভারত অনুমতি দিলেই হাসিনাকে জিজ্ঞাসাবাদ করতে আসবে তারা।মেজর জেনারেল আলম ফজলুর রহমান বলেন, "বিডিআর

এরপর ৩ পাতায়






# গভীর রাতে প্রশান্ত কিশোরকে তুলে নিয়ে গেলো পুলিশ



বেবি চক্রবর্ত্তী :কলকাতা

এক সময়ের ভোট কুশলি অধুনা 'সুরজ পার্টি' নামে নিজে একটি রাজনৈতিক দল গঠন করে সামনে এসেছেন প্রশান্ত কিশোর। বিহার পাবলিক সার্ভিস কমিশনের পরীক্ষা (Bihar Public Service Commission (BPSC) বাতিলের দাবিতে লাগাতার আমরণ অমশনে বসেছিলেন ভোট কুশলী। পাটনার গান্ধী ময়দানে সেই কর্মসুচি চলছিল।রবিবার রাতে হঠাৎ করেই সেখানে বিহার পুলিশের বিশাল একটি টিম পৌছয় এবং জোর করে প্রশান্ত কিশোরকে তুলে নিয়ে যাও বলে জানা যাচ্ছে। যা খবর, গান্ধীনগর ময়দান থেকে সরাসরি অ্যাম্বুলেন্স করে পাটনা এইমসের ভর্তি করা হয়েছে সুরজ পার্টি সুপ্রিমোকে। স্বাভাবিক কারণেই চারিদিকে উত্তেজনা ছড়িয়ে পড়ে। কিন্তু কেন এভাবে তোলা হয়েছে তা এখনও স্পষ্ট নয়। তবে ঘটনাকে কেন্দ্র করে তীব্র চাঞ্চল্য তৈরি হয়েছে। আজ সোমবার জন সুরজ পার্টি'রে তরফে বিভিন্ন জায়গায় আন্দোলন এবং বিক্ষোভের ডাক দেওয়া হয়েছে।

সুরজ পার্টির পক্ষ থেকে বলা হয়েছে, শান্তিপূর্ণ অবস্থান চলছিল। গান্ধী ময়দান থেকে পুলিশ জোর করে প্রশান্ত কিশোরকে তুলে নিয়ে গিয়ে হাসপাতালে ভর্তি করিয়েছে। এমনকি উঠতে না চাইলে চড় পর্যন্ত তাঁকে মারা হয়েছে বলে দাবি। শুধু তাই নয়, যে সমস্ত গাড়ি ছিল গান্ধী ময়দানে সমস্ত গাড়ি পুলিশ চেকিং করেছে। যা নিন্দনীয় বলে বার্তায় জানিয়েছে জন সূরজ পার্টি। দলের তরফে একাধিক ভিডিও শেয়ার করা হয়েছে। যেখানে দেখা যাচ্ছে, প্রশান্ত কিশোরকে একেবারে টেনে হিচড়ে অনশন মঞ্চ থেকে তোলার চেষ্টা করছে পুলিশ। বেশ কয়েকজন তাঁকে আটকানোর চেষ্টা করলেও ব্যর্থ হন। জানা যাচ্ছে, পুলিশের এহেন আচরনের বিরুদ্ধে হাইকোর্টেও যাবে দল। অন্যদিকে প্রশান্ত কিশোরও জানিয়েছেন, আন্দোলন চলবে।

## 140 জন শিশুকে স্কুল ব্যাগ ও পাঠ্য সামগ্রী প্রদান



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

**কলকাতা।** স্বেচ্ছাসেবী সংগঠন 'আমরা কা জান' (ভুকাইলাস) খিদিরপুর এলাকায় একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে এবং ১৪০ জন শিশুকে স্কুল ব্যাগ ও পড়াশোনার সামগ্রী প্রদান করে। উপরোক্ত তথ্য প্রদান করে আহবায়ক আবুল কালাম জানান, এ সময় প্রধান অতিথি ও স্বনামধন্য চিকিৎসক ডাঃ এ কে মান্দানা ও বিশেষ অতিথি আলিপুর প্রেসক্লাবের সভাপতি জগদীশ যাদব বক্তব্য রাখেন। অতিথি ডা. মো. জোহেব হুসেন, পলি ব্যানার্জি, বসিরউদ্দিন, ফকরুদ্দিন খান সহ প্রশান্ত বিশ্বাস, জিনাত কালাম, অশোক সাহা, মলয় রাই, মো. নওশাদ ও গোলাম রসুল উপস্থিত ছিলেন।

# ভারতে আতঙ্ক বাড়াচ্ছে এইচএমপিভি পশ্চিমবঙ্গে ভাইরাস নিয়ে আতঙ্ক ছড়ানোর দরকার নেই

জগদীশ য়াদব

**নয়াদিল্লি/কলকাতা।** দেশে নতুন ভাইরাস এইচএমপিভির তিনটি কেসের রিপোর্ট হওয়ার পরে, দেশের সমস্ত রাজ্যের প্রশাসন সতর্ক হয়ে গেছে। একই সঙ্গে বিশ্বের দেশগুলো নতুন ভাইরাস হিউম্যান মেটাপনিউমোভাইরাস নিয়ে উদ্বিগ্ন হয়ে পড়ছে। নতুন এই ভাইরাসের কারণে চীনের পরিস্থিতি খারাপ হতে শুরু করেছে। আমাদের দেশেও নতুন ভাইরাস হিউম্যান মেটাপনিউমোভাইরাসের তিনটি কেস পাওয়া গেছে। বেঙ্গালুরুতে একটি আট মাস বয়সী ছেলে এবং তিন মাস বয়সী একটি মেয়ের মধ্যে ভাইরাসটি নিশ্চিত করা হয়েছে। মেয়েটিকে চিকিৎসার পর হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয়েছে, অপরদিকে ৮



মাস বয়সী শিশুটির চিকিৎসা চলছে। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক এই তথ্য জানিয়েছে। আসলে, বেঙ্গালুরুতে একটি আট মাস বয়সী ছেলে এবং তিন মাস বয়সী একটি মেয়ের মধ্যে এই ভাইরাসটি নিশ্চিত করা হয়েছে। তিন মাস বয়সী মেয়েটিকে চিকিৎসার পর হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হলেও ৮ মাসের শিশুর চিকিৎসা চলছে বলে জানা গেছে। দুজনেই জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হন। আইসিএমআর বলেছে যে কেন্দ্রীয় সরকার পরিস্থিতির উপর নজর রাখছে। আইসিএমআর জানিয়েছে যে কোনও পরিস্থিতি মোকাবেলায় তারা প্রস্তুত। পশ্চিমবঙ্গের কলকাতায় এক শিশুর আক্রান্ত হওয়ার খবর পাওয়া গেছে। অন্যদিকে, বাংলায় কথিত চাইনিজ ভাইরাস নিয়ে এক প্রশ্নে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কঠোর ভাষায় বলেছেন যে কোনও ভাইরাসের নামে ভয় দেখানো বা আতঙ্ক তৈরি করার দরকার নেই। সরকার সেদিকে নজর রাখছে এবং আমরা যেভাবে করোনার সময় কাজ করেছি এবং সতর্ক ছিলাম, আজও আমরা সেখানে আছি। মুখ্যমন্ত্রী মমতা বলেছেন, আতঙ্কিত হওয়ার দরকার নেই। কোনো নির্দেশিকা এলে রাজ্য সরকার

এরপর ৬ পাতায়





(১ম পাতার পর)

# মানবিক মমতা, বাংলাদেশ থেকে ফেরা ৯৫ মৎস্যজীবীকে ১০ হাজার টাকা করে আর্থিক সাহায্য

দ্বারস্থ হয়। মৎস্যজীবীদের ঘরে ফেরাতে উদ্যোগী হন খোদ মমতা বন্দ্যোপাধ্যায়ও । অনেক চেষ্টায় গত ৫ জানুয়ারি তাঁরা বাংলাদেশের জেল থেকে মুক্তি পেয়ে বাংলায় ফেরেন।মুখ্যমন্ত্রী বলেন,' এতদিন যেহেতু তাঁরা জেলে ছিলেন আমি ১০ হাজার টাকা করে তুলে দিচ্ছি। তার কারণ তাঁরা বাড়ি ফিরে গিয়ে অন্তত কিছুটা গুছিয়ে নিতে পারবেন। সেইসঙ্গে নিহত মৎস্যজীবীর স্ত্রী পুতুল দাসকে হাতে ২ লক্ষ টাকা তুলে দেওয়া হয়েছে।' সেইসঙ্গে মমতা আরও জানান,' আমাদের সরকারি প্রথম মৎস্যজীবীদের জন্য আইডি কার্ডের ব্যবস্থা করেছে। যাতে কোথাও ওঁরা হারিয়ে গেলে দ্রুত সন্ধান পাওয়া যায়। আর এবার এই আইডি কার্ড থাকার জন্যই আমরা জানতে পারি বাংলার মৎস্যজীবীরা আটকে রয়েছেন বাংলাদেশে। এরপর আমরা ওই দেশের সঙ্গে যোগাযোগ করি ।'

(১ম পাতার পর)

# ভারতে এসে হাসিনাকে জেরা করতে চায় তদন্ত কমিশন

হত্যাকাণ্ডে জাতীয় স্বাধীন তদন্ত কমিশন নিরপেক্ষ থাকবে, নিরপেক্ষ থেকেই সবার সহযোগিতা নিয়ে তদন্ত কাজ চালানো হবে। বিগত ১৬ বছরে বিডিআর হত্যাকাণ্ডের বহু প্রমাণ নষ্ট হয়ে গিয়েছে। এখন যা হওয়ার, তা খোলামেলাভাবে হবে।"

তিন মাসের মধ্যে বিডিআর হত্যাকাণ্ডের তদন্ত শেষ করার চেষ্টা করা হবে, এই আশ্বাস দিয়ে তিনি বলেন, "সময় বাড়ানোর কোনও ইচ্ছা নেই। তবে প্রয়োজন হলে সময় বাড়ানোর আবেদন করা হবে। কমিশন চায়, সবাই যেন ন্যায়বিচার পায়।"সোমবার,৬ জানুয়ারি রাজধানী ঢাকার রাওয়া ক্লাবে আয়োজিত এক অনুষ্ঠানে এ কথা জানান কমিশনের সভাপতি মেজর জেনারেল আলম ফজলুর রহমান। বিডিআর হত্যাযজ্ঞে শহিদ পরিবারের সদস্যদের সঙ্গে মতবিনিময় উপলক্ষে আয়োজিত ওই অনুষ্ঠানে জাতীয় স্বাধীন তদন্ত কমিশনের সভাপতি বলেন, "দেশি-বিদেশিরা মিলে বিডিআর হত্যাকাণ্ড ঘটিয়েছে শুধু এ কথা বললেই হবে না। ভারত জড়িত বললেই হবে না, তার স্বপক্ষে প্রমাণ হাজির করতে হবে। এ সময় ছোট-বড় সব প্রমাণ গুরুত্ব দিয়ে দেখা হবে।"

বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দেশে ফেরত আনার প্রসঙ্গে তিনি বলেন, "ভারত শেখ হাসিনাকে দেশে না পাঠালে, তাদের অনুমতি পেলে তদন্ত কমিশন ভারতে গিয়ে শেখ হাসিনাকে জিজ্ঞাসাবাদ করবে। কোনও নিরাপত্তা ও গাড়ি না দিলেও কাজ চালিয়ে যাওয়া হবে।"

# নবদ্বীপ আদালতের সশরীরে হাজিরা দিয়ে জামিন নিলেন প্রাক্তন সাংসদ অর্জুন সিং



অভিজিৎ সাহা,নদীয়া

২০২০ সালে লকডাউন চলাকালীন অবৈধভাবে জমায়েত করে লকডাউনের আইন ভাঙ্গার অপরাধে এক মামলায় সোমবার দুপুরে নবদ্বীপ আদালতে হাজিরা দিতে আসলেন উত্তর ২৪ পরগনার ব্যারাকপুর লোকসভা কেন্দ্রের বিজেপির প্রাক্তন সাংসদ অর্জুন সিং। সংসদের আইনজীবী অম্বিকা দেবনাথ ব্যানার্জি বলেন ওয়ারেন্ট বের হয়ে গিয়েছিল, আজ তিনি সশরীরে উপস্থিত হয়ে জামিন

এরপর 5 পাতায়


## টেন্ডার

**TENDER NOTICE**

E Tender is invited though online Bid System vide **NIeT No. 06/2n Call/Rampara-IGP/2024-25 & 15/Rampara-IGP/ 2024-25**, with **Vide Memo No.-11/Ram-I/5th SFC (Tied)/ 2024-25, 12/Ram-I/15th CFC (Tied)/2024-25 Dated: 03-01-2025** by the Prodhan Rampara-I Gram Panchayat. Last Date of Application **13-01-2025 up to 2.00 pm**. Interested contractors please visit **htpp://wbtenders. gov.in**

**Sd/-, Prodhan**
**Rampara-I, Gram Panchayet**
**Rampara, Murshidabad**


# ছত্তিশগড়ে সেপটিক ট্যাংক থেকে সাংবাদিকদের লাশ উদ্ধার



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

ছত্তিশগড় রাজ্যে দুর্নীতির বিরুদ্ধে প্রতিবেদন করা এক সাংবাদিকের লাশ উদ্ধার হয়েছে। এই ঘটনা সাংবাদিকতা পেশার বিপদ ও সাহসিকতার নতুন নজির স্থাপন করেছে।

মুকেশ চন্দ্রকর নামে ৩২ বছর বয়সী এক ফ্রিল্যান্স সাংবাদিক নতুন বছরের দিন নিখোঁজ হন। তার পরিবার থানায় অভিযোগ দায়ের করলে, পুলিশ তার মোবাইল ফোন ট্র্যাক করে শুক্রবার(০৩ জানুয়ারি) বিজাপুর টাউন এলাকার একটি নির্মাণকর্মীর বাড়ির সেপটিক ট্যাংকে তার মরদেহ উদ্ধার করে। মুকেশের কাজের মূল কেন্দ্র ছিলো জনসেবার নামে চলা নির্মাণ প্রকল্পগুলোর দুর্নীতির তদন্ত এবং প্রতিবেদন। তিনি নিজের ইউটিউব চ্যানেল বস্তার জাংশন-এ এসব বিষয়ে সচেতনতা তৈরি করতেন। বৃহস্পতিবার (২ জানুয়ারি) পুলিশ প্রথমে ওই স্থানে কিছু খুঁজে পায়নি। কিন্তু ৩ জানুয়ারি আবার তদন্ত করে সেপটিক ট্যাংক থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। মরদেহের উপর আঘাতের চিহ্ন দেখে পুলিশের ধারণা, মুকেশকে নির্মমভাবে হত্যা করা হয়েছে।

এই ঘটনায় তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে, যাদের মধ্যে দুজন তার আত্মীয়। এছাড়া, প্রধান সন্দেহভাজন সুরেশ চন্দ্রকর, যিনি ঘটনাস্থলের মালিক এবং মুকেশের এক আত্মীয়, এখনও পলাতক।

ছত্তিশগড়ের মুখ্যমন্ত্রী এই ঘটনাকে হৃদয়বিদারক বলে উল্লেখ করেছেন এবং তদন্তের জন্য বিশেষ তদন্ত দল (SIT) গঠন

এরপর ৪ পাতায়

## সম্পাদকীয়

### ভারতের জাতীয় মানবাধিকার আয়োগের উদ্যোগে ব্যক্তি স্বাধীনতা ও মর্যাদা এবং হাতে করে নোংরা সাফাই করেন যারা, সেইসব সাফাই কর্মীদের অধিকার নিয়ে খোলামেলা আলোচনা সভার আয়োজন

ব্যক্তি স্বাধীনতা ও মর্যাদা এবং হাতে করে নোংরা সাফাই করেন যারা, সেইসব সাফাই কর্মীদের অধিকার- এই বিষয় নিয়ে ভারতের জাতীয় মানবাধিকার আয়োগ নতুন দিল্লিতে তাদের ভবনে মিশ্র মাধ্যমে এক খোলামেলা আলোচনাসভার আয়োজন করে। আলোচনায় পৌরোহিত্য করেন সংস্থার চেয়ারপার্সন বিচারপতি শ্রী ভি রামাসুব্রামিনয়ন। সংস্থার নানা সদস্য, মহাসচিব শ্রী ভরত লাল, বিভিন্ন মন্ত্রক এবং রাজ্য সরকারের প্রতিনিধি, স্বেচ্ছাসেবী সংগঠন, মানবাধিকার কর্মী, রাষ্ট্রসংঘের বিভিন্ন সংস্থা, বেসরকারি সংগঠন, ও গবেষকরা আলোচ্য বিষয়ে তাঁদের মতামত জানান।

ভারতের জাতীয় মানবাধিকার আয়োগের চেয়ারপার্সন বলেন, হাতে করে সাফাই কাজ করাকে নির্মূল করতে আইন সভা, প্রশাসন এবং আদালতের মাধ্যমে ব্যবস্থা নেওয়া হয়ে থাকে। ঝুঁকিপূর্ণ আবর্জনা এবং ময়লা পরিষ্কার হাতে করে করাকে আইনগতভাবে নির্মূল করা হলেও এই কাজে বিভিন্ন সময় প্রানহানির ঘটনা ঘটছে, যা উদ্বেগের। তিনি বলেন, এই কাজে যন্ত্রের ব্যবহার বাধ্যতামূলক করা উচিত। কোনো একটি রাজ্যে পরীক্ষিতভাবে তাতে সাফল্য পেলে দেশের অন্যান্য রাজ্যেরও উচিত তাকে অনুসরণ করা।

ভারতের জাতীয় মানবাধিকার আয়োগের মহাসচিব শ্রী ভরত লাল বলেন, বিভিন্ন রাজ্য যন্ত্রচালিতভাবে সাফাই কর্মের কাজ করছে। স্থানীয় পৌর প্রশাসন একাজে সামিল হয়েছে। সুপ্রিম কোর্টের নির্দেশিকা অনুসরণ করে ৩ বছর মেয়াদের ভিত্তিতে কর্মসূচী ঠিক করা হয়েছে। অন্য বক্তারাও তাঁদের বক্তব্য জানান।

আলোচনায় ১০ দফা প্রস্তাব উঠে আসে। এরমধ্য উল্লেখযোগ্য হল সাফাই কর্মীদের কল্যাণে গৃহীত ব্যবস্থার যথাযথ রূপায়ণ হচ্ছে কিনা, তা নজরদারি নিশ্চিত করা। তাদের ন্যূনতম মজুরী এবং যথাযথ পুনর্বাসন নিশ্চিত করা। সাধারণ সাফাই কর্মী এবং হাতে করে যারা নোংরা আবর্জনা পরিষ্কার করেন, তাদের আলাদা করা দরকার। মহিলা পরিচালিত স্ব-নির্ভর গোষ্ঠীকে তাদের সুস্থায়ী জীবন-যাপনের স্বার্থে ভর্তুকির মাধ্যমে যন্ত্রচালিত সহায়তা ব্যবস্থা দেওয়া দরকার। নমস্তে এবং এসবিএম জাতীয় প্রকল্পের অধীন এই পেশাগত ক্ষেত্রে স্বচ্ছতা বিধানের জন্য জনসচেতনতা গড়ে তোলা। প্রশিক্ষণমূলক কর্মসূচীর আয়োজন করা এবং এদের জন্য স্বাস্থ্যবীমা, শিক্ষা প্রভৃতি সংক্রান্ত একটি ডেটাবেস গড়ে তোলা। নজরদারি প্রক্রিয়া জোরালো করার ওপর তাঁরা জোর দেন।

কমিশন এইসব প্রস্তাব গুচ্ছের আইনি রূপায়ণ সুনিশ্চিত করতে এবং নীতিগত সংস্থানের ব্যাপারটি খতিয়ে দেখতে পুণরায় আলোচনায় মিলিত হবেন। ঝুঁকিপূর্ণ নোংরা আবর্জনা হাতে করে পরিষ্কারের ক্ষেত্রে জীবন হানির আশঙ্কা জড়িত থাকায় এই ব্যবস্থা পুরোপুরি নির্মূল করা দরকার এবং সাফাই কাজের সঙ্গে যারা জড়িত, তাদের যথাযথ পুনর্বাসনের ব্যবস্থা গড়ে তোলা উচিত।

## আদিশক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(প্রথম পর্ব)



কার দিন কী ভাবে যাবে কেউ বলতে পরে না,জীবনে চলার পথে কেউ রাজা কেউ বা ফকির। এ সবই তার লীলা লেখা,তিনি আমাদের পরিচালনা করে। এই ভবতারিণী মা কালী কালীঘাটের শক্তি মানব কল্যাণী একমাত্র পথ। সেই পথের পথিক বহু যুগ ধরে ঘটে আসছে। আমার সবাই জানি তার মহিমা এবং তার অলৌকিক শক্তি কথা । তাই বলাই ভালো কলকাতাতে অনেক ধর্মীয় স্থান আছে। কিন্তু সবচেয়ে প্রাচীন হল কালীঘাটের কালী মন্দির। যাঁরা কলকাতায় বেড়াতে আসেন বা থাকেন তাঁরা কেউই কালীঘাট মন্দির দেখেন নি এমন হয় না। মায়ের ভক্তরা বিশ্বাস করে যে কালী ঠাকুর কখনও তাঁর ভক্তদের খালি হাতে ফেরান না।
তবে কালীঘাটের কালী মন্দির কবে সৃষ্টি হল সে ইতিহাসের

ক্রমশঃ
(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(৩ পাতার পর)

## ছত্তিশগড়ে সেপটিক ট্যাংক থেকে সাংবাদিকদের লাশ উদ্ধার

করেছেন। এদিকে, স্থানীয় সাংবাদিকরা এর বিরুদ্ধে কড়া পদক্ষেপ নেওয়ার দাবিতে প্রতিবাদ করছেন।

ভারতে দুর্নীতি ও পরিবেশ বিষয়ক রিপোর্টিং করতে গিয়ে সাংবাদিকদের হামলা ও হত্যার শিকার হওয়ার ঘটনা নতুন নয়। ২০২২ সালে বিহারের সুভাষ কুমার মাহতোকে অবৈধ বালু খনন নিয়ে প্রতিবেদন করার জন্য গুলি করে হত্যা করা হয়।

রিপোর্টার্স উইদাউট বর্ডার্স-এর তথ্য অনুযায়ী, ভারতে প্রতিবছর তিন থেকে চারজন সাংবাদিক তাদের কাজের জন্য প্রাণ হারান, যা এই দেশকে বিশ্বের অন্যতম বিপজ্জনক সাংবাদিকতার ক্ষেত্র হিসেবে পরিচিত করে তুলেছে।

মুকেশ চন্দ্রকরের মৃত্যু ভারতের সাংবাদিকতার স্বাধীনতা ও ঝুঁকিপূর্ণ কাজের বাস্তবতাকে আবারো সামনে নিয়ে এসেছে। তার সাহসিকতা সমাজের জন্য একটি উদাহরণ হয়ে থাকবে, এবং ন্যায়বিচারের দাবি আরও জোরালো হবে।

### কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

প্রসঙ্গত, যারা ব্যবসা করেন, তারা যদি তাদের অফিসে মায়ের মূর্তি রাখতে পারেন, তাহলে ব্যবসায় উন্নতি ঘটতে সময় লাগে না।

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।


# দিল্লিতে মার্কিন উপদেষ্টা, যে আলাপ হলো জয়শঙ্করের সঙ্গে

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

মার্কিন যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা জেক সুলিভান বর্তমানে ভারতে অবস্থান করছেন। সোমবার (৬ জানুয়ারি) সফরের অংশ হিসেবে তিনি দিল্লিতে ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করের সঙ্গে বৈঠক করেছেন। এই বৈঠককে দ্বিপক্ষীয়, আঞ্চলিক এবং বৈশ্বিক পর্যায়ে সহযোগিতা আরো গভীর করার বিষয়ে আলোচনা হয়েছে।

জয়শঙ্কর বৈঠকের পর সামাজিক যোগাযোগমাধ্যম প্ল্যাটফর্ম এক্সে (পূর্বের টুইটার) শেয়ার করা এক পোস্টে জেক সুলিভানের প্রশংসা করেন।

তিনি লিখেন, আজ সকালে দিল্লিতে মার্কিন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা জেক সুলিভানের সঙ্গে সাক্ষাৎ করে আনন্দিত। দ্বিপক্ষীয়, আঞ্চলিক এবং বৈশ্বিক সহযোগিতা গভীর করার জন্য চলমান আলোচনা অব্যাহত রেখেছি। গত চার বছরে ভারত-মার্কিন অংশীদারত্বকে শক্তিশালী করতে তার অসামান্য ভূমিকা বিশেষভাবে মূল্যায়ন করি।



জেক সুলিভানের সফরের মূল লক্ষ্য ভারত-মার্কিন কৌশলগত সম্পর্কের অগ্রগতি পর্যালোচনা করা এবং ক্রিটিক্যাল অ্যান্ড ইমার্জিং টেকনোলজি উদ্যোগের উন্নয়নকে ত্বরান্বিত করা। এই উদ্যোগ ২০২২ সালের মে মাসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং প্রেসিডেন্ট জো বাইডেন চালু করেছিলেন। এর লক্ষ্য কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই), সেমিকন্ডাক্টর, বায়োটেকনোলজি এবং প্রতিরক্ষা প্রযুক্তি ক্ষেত্রে সহযোগিতা বাড়ানো।

সফরের অংশ হিসেবে জেক সুলিভান ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভালের সঙ্গেও বৈঠক করবেন। উভয় দেশের শীর্ষ কর্মকর্তারা প্রযুক্তিগত উদ্ভাবন এবং গুরুত্বপূর্ণ খাতে অংশীদারিত্বের বিষয় নিয়ে আলোচনা করবেন।

গত বছর ভারত ও যুক্তরাষ্ট্র সেমিকন্ডাক্টর, গুরুত্বপূর্ণ খনিজ, উন্নত টেলিযোগাযোগ এবং প্রতিরক্ষা মহাকাশ ক্ষেত্রে সহযোগিতা বাড়ানোর জন্য বেশ কিছু উদ্যোগ নিয়েছিল। এই সফর দুই দেশের মধ্যে সম্পর্কের অগ্রগতি মূল্যায়নের পাশাপাশি ভবিষ্যৎ সম্ভাবনার ওপর আলোকপাত করবে।

উল্লেখ্য, জয়শঙ্কর সম্প্রতি যুক্তরাষ্ট্রে ছয় দিনের সফর শেষ করেছেন, যা বিদায়ী বাইডেন প্রশাসনের সঙ্গে উচ্চপর্যায়ের যোগাযোগের গুরুত্বপূর্ণ অংশ ছিল। আর জেক সুলিভান এর আগেও, ২০২৪ সালের জুনে ভারত সফর করেছিলেন। তখনও দ্বিপক্ষীয় সম্পর্ক জোরদার করার বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়েছিল।

এবারের সফরে, ক্রিটিক্যাল অ্যান্ড ইমার্জিং টেকনোলজি উদ্যোগকে কেন্দ্র করে ভারত-মার্কিন কৌশলগত অংশীদারত্ব আরো গভীর করার প্রয়াস চালানো হবে।

(৩ পাতার পর)

## নবদ্বীপ আদালতের সশরীরে হাজিরা দিয়ে জামিন নিলেন প্রাক্তন সাংসদ অর্জুন সিং

নিলেন। ২০২০ সালের ১৭ ই জুলাই নবদ্বীপ থানায় ১৮৮, ১৮৬, আই পি সি ধারায় কেস হয়। ভালুকা বটতলায় একটি মিটিং করেছিলেন।সেই কেসের আজ তিনি জামিন নিলেন। জামিন নেওয়ার পর সাংবাদিকদের মুখোমুখী হয়ে রাজ্য সরকার ও পুলিশ প্রশাসনের বিরুদ্ধে একরাশ ক্ষোভ উগরে দিলেন তিনি। ১৭৪ টা মামলা আছে সমস্ত থানায় ঘুরে ঘুরে জামিন নিতে হচ্ছে, মমতা দিদি এটি খুব ভালো পারেন বিরোধীদের কেস দিতে। এর পাশাপাশি কাঞ্চন মল্লিকের বিল নিয়েও তীব্র কটাক্ষ করতে ছাড়েননি। জঙ্গি বিষয়ে প্রশ্ন করা হলে তিনি বলেন এরাজ্যের বিভিন্ন জায়গায় একাধিক জঙ্গি ধরাপড়ছে কেন্দ্রীয় সরকারের তত্ত্বাবধানে। রাজ্য সরকারকে তীব্র কটাক্ষ করে বলেন মমতা ব্যানার্জীর পুলিশ কোন কাজ করছে না। জঙ্গিদের জায়গা এই পশ্চিমবঙ্গ, বাংলাদেশের অনুপ্রবেশদের এই জায়গা ঘাঁটি। ২০২১ সালে ১২০০ অনুপ্রবেশ কারী ধরেছে ২০২৪ ও অনেক ধরা হয়েছে। কিন্তু সরকার দায়ী করছে বিএসএফকে। বিএসএফের যারা কর্মরত তারা ভয় পান মমতা দিদিকে, গালাগালি করেন, কেস দিয়ে দেন। এই কারণে বিএসএফ ধরলেও ১৫ দিনের মধ্যে তাদের ছেড়ে দেওয়া হয়। কারণ তারা দু বছরের জন্য চাকরি করতে আসেন এই বাংলায়।

বাংলাদেশে যে হিন্দুদের উপর নির্যাতন হচ্ছে ডোনাল্ড ট্রাম আসলে কি ঠিক হয়ে যাবে এই প্রশ্ন করা হলে তার উত্তরে তিনি বলেন বিষয়টা সমস্ত আলোচ্য বিষয়ক,কারণ সমস্ত দেশ নিয়েই এই অনুপ্রবেশকারীর বা সনাতনী হিন্দুদের উপর অত্যাচার করা এটা ঠিক নয়। ভারতবর্ষের মোদি সরকার যে পদক্ষেপ নিচ্ছেন আশা করা যাচ্ছে হিন্দু নিধন বন্ধ করা সম্ভব হবে।আর অনুপ্রবেশকারীদের একদিনের মধ্যে তো আটক করা যাবে না সময় লাগবে কেন্দ্রীয় সরকার ব্যবস্থা নিচ্ছে।


## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্তা মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




# ৫০ জন বিচারপতির ভারতে আসা নিষেধ করলো বাংলাদেশ সুপ্রিম কোর্ট

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



**দিল্লী :-** বাংলাদেশের বিচার ব্যবস্থার ঘাড়ে চেপে বসেছে সেই দেশের পাকিস্তান পন্থী বিএনপি নেতৃত্ব। তাদেরই আঙ্গুলি হেলনে চলেছে বিচার ব্যবস্থা। সেই কারণেই চিন্ময় মহারাজ বিনা বিচারে জেল বন্দি। এবার সামনে আসলো পরের উদাহরণ। গতকাল আমরা নিউজ করেছিলেম যে ভারতে প্রশিক্ষণ নিতে আসছেন ৫০ জন বাংলাদেশের বিচারপতি। কিন্তু রবিবার তার উপর নিষেধজ্ঞা জারি করেছে সেই দেশের সুপ্রিম কোর্ট। প্রশিক্ষণ নিতে ৫০ বাংলাদেশি বিচারকের ভারতে আসা বাতিল করেছে বাংলাদেশের সুপ্রিম কোর্ট। রবিবার আইন ও বিচার বিভাগের উপসচিব ড. আবুল হাসানাত স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়।

জানা গিয়েছে, ভারতের ভোপালে অবস্থিত ন্যাশনাল জুডিশিয়াল অ্যাকাডেমি ও স্টেট জুডিশিয়াল অ্যাকাডেমিতে প্রশিক্ষণের জন্য বাংলাদেশের নিম্ন আদালতের ৫০ জন বিচার বিভাগীয় কর্মকর্তাকে ভারতে যাওয়ার জন্য অনুমতি দিয়েছিল বাংলাদেশের আইন মন্ত্রক। কিন্তু বাংলাদেশ সুপ্রিম কোর্টের নির্দেশে তা বাতিল করা হয়েছে। প্রশিক্ষণের জন্য সহকারী জজ, সিনিয়র সহকারী জজ, যুগ্ম জেলা ও দায়রা জজ, অতিরিক্ত জেলা ও দায়রা জজ, জেলা ও দায়রা জজ এবং সমপর্যায়ের কর্মকর্তাদের মনোনীত করা হয়েছিল। বাংলাদেশের এই সব বিচার বিভাগীয় কর্মকর্তাদের আগামী ১০ থেকে ২০ ফেব্রুয়ারি পর্যন্ত প্রশিক্ষণে অংশ নেওয়ার কথা ছিল। সম্প্রতি এ বিষয়ে আইন মন্ত্রকের আইন ও বিচার বিভাগ একটি বিজ্ঞপ্তিও দিয়েছিল। কিন্তু শেষ বিজপ্তিতে তা বাতিল হলো। কূটনৈতিক মহল মনে করছে ভারতের সঙ্গে শত্রুতায় ইউনূস ইচ্ছাকৃতভাবে আরও এক পা এগিয়ে গেলেন।

(২ পাতার পর)

## ভারতে আতঙ্ক বাড়াচ্ছে এইচএমপিভি

## পশ্চিমবঙ্গে ভাইরাস নিয়ে আতঙ্ক ছড়ানোর দরকার নেই

তা মেনে নেবে। ইতিমধ্যেই সতর্কতামূলক পদক্ষেপ নেওয়া হচ্ছে। উল্লেখ্য, কলকাতা মহানগরীতে ৬ মাস বয়সী এক শিশুর এই ভাইরাসে আক্রান্ত হওয়ার খবর পাওয়া গেছে। তবে মুম্বাই থেকে আসা শিশুটি ডিসেম্বরে তার বাবা-মায়ের সাথে কলকাতায় এসেছিল। তিনি হাঁচি, কাশি, গলা ব্যথার মতো উপসর্গ অনুভব করছিলেন। উল্লিখিত শিশুটির চিকিৎসা 10-12 দিন ধরে চলতে থাকে এবং সে সুস্থ হয়ে মুম্বাইতে ফিরে আসে। দিল্লি এইমস-এর ডাক্তার বলেছেন যে হিউম্যান মেটাপনিউমোভাইরাস অর্থাৎ এইচএমপিভি কোনও নতুন ভাইরাস নয়। এটি একটি পুরানো ভাইরাস এবং এর বিরুদ্ধে মানুষের রোগ প্রতিরোধ ক্ষমতাও রয়েছে। এমতাবস্থায় এই ভাইরাস নিয়ে মহামারী হওয়ার কোনো সম্ভাবনা নেই। তদন্তের পরই রিপোর্ট পজিটিভ আসছে, কারণ ভাইরাসটি আগে থেকেই আছে। এইচএমপিভি ভাইরাস প্রধানত আক্রান্ত ব্যক্তির শ্বাসতন্ত্রকে প্রভাবিত করে। এর লক্ষণগুলি অনেক ক্ষেত্রে কোভিড -19 এর মতোই, তবে এই ভাইরাসটি মূলত শিশু এবং ছোট বাচ্চাদের সংক্রামিত করে। এই ভাইরাসে আক্রান্ত রোগীর সবচেয়ে সাধারণ লক্ষণ হল কাশি। এর পাশাপাশি হালকা জ্বর, শ্বাসকষ্ট, নাক দিয়ে পানি পড়া বা গলা ব্যথার মতো সমস্যাও হতে পারে। কিছু ক্ষেত্রে, ভাইরাসে আক্রান্ত হওয়ার পরে গুরুতর লক্ষণ দেখা দিতে পারে। শ্বাস নিতেও অসুবিধা হতে পারে। কেন্দ্রীয় এবং রাজ্য সরকারগুলি এইচএমপিভি ভাইরাস সম্পর্কে

## হাসিনা-সহ ১১ জনের বিরুদ্ধে জারি গ্রেফতারি পরোয়ানা




স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাহিনার বিরুদ্ধে শ'খনেকে মামলা রয়েছে। এর মধ্যে বেশ কয়েকটি খুনের মামলা। এবার গত ১৫ বছর আওয়ামী লীগের আমলে গুম খুনের ঘটনায় শেখ হাসিনা-সহ মোট ১১ জনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করল আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনায়াল।গত অগাস্ট মাসে বাংলাদেশ থেকে পালিয়ে ভারতে চলে আসার পর শেখ হাসিনার বিরুদ্ধে একের পর এক পদক্ষেপ করে চলেছে ইউনূস সরকার। শেখ হাসিনার কূটনৈতিক পাসপোর্ট বাতিল করা হয়েছে। তার বিরুদ্ধে ইন্টারপোলের রেড কর্নার নোটিস জারির তোড়জোড় চলেছে। পাশাপাশি শেখ হাসিনার বিরুদ্ধে একশোরও বেশি মামলা করা হয়েছে বিভিন্ন প্রদেশে। সর্বশেষ তাঁর বিরুদ্ধে গুম খুনের অভিযোগ আনা হয়েছিল।সোমবার হাসিনা-সহ ১১ জনের বিরুদ্ধে গ্রেফতারির আদেশ দেয় বিচারপতি গোলাম মর্তুজার নেতৃত্ব ২ সদস্যের ট্রাইবুন্যাল। ওই ১১ জনকে হাজির করতে হবে ১২ ফেব্রুয়ারি। হাসিনা ছাড়া বাকী ১০ জনের মধ্য রয়েছেন প্রাক্তন প্রতিরক্ষা উপদেষ্টা প্রাক্তন মেজর জেনারেল তারিক আহমেদ সিদ্দিক ও পুলিসের প্রাক্তন আইজি বেনজীর আহমেদ।

ট্রাইবুন্যালের শুনানিতে চিফ প্রসিকিউটর তাজুল ইসলাম বলেন, রাষ্ট্রের মদতে গুম করার সংস্কৃতি চালু করে আওয়ামী লীগ। ওই কাজে যারা অংশ নিতেন তাদের পুরস্কৃত করা হত। র‍্যাব, ডিবি, সিটিটিসি, ডিজিএফআই সবচেয়ে বেশি গুমের সঙ্গে জড়িত ছিল। সাদা পোশাকে কিংবা পোশাকধারী বিভিন্ন বাহিনী এসে শয়ে শয়ে মানুষকে তুলে নিয়ে যেত। এরপর তারা আর কোনোদিন ফিরে আসতো না, অধিকাংশই ফিরে আসেনি। কেউ কেউ ফিরে আসলেও তাদের সুনির্দিষ্ট কিছু মামলায় আটক দেখানো হয়েছে। আর কেউ স্বৈরশাসনের অবসানের পর আয়নাঘর থেকে ফিরে এসেছেন।

# সিনেমার খবর

## ফের মা হচ্ছেন ইলিয়ানা?

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

নতুন বছরের প্রথম দিনই সুখবর দিলেন ভারতীয় অভিনেত্রী ইলিয়ানা ডি'ক্রুজ। তবে কি দ্বিতীয়বার মা হতে চলেছেন অভিনেত্রী? বুধবার সকাল সকাল এমন ইঙ্গিতই দিলেন তিনি।

২০২৪ সালের ১২টা মাস কেমন কেটেছে, তার সম্মিলিত ঝলক সামাজিক যোগাযোগমাধ্যমে ভাগ করে নিলেন ইলিয়ানা। বছরের অধিকাংশ মাসই কেটেছে প্রথম সন্তানকে নিয়ে। কিন্তু নেটাগরিকের চোখ আটকেছে অক্টোবর মাসে।

জানুয়ারি থেকে এপ্রিল মাস পর্যন্ত ভেসে উঠেছে প্রথম সন্তান কোয়ার ছবি। মে মাসের জন্য পোষ্য মার্জারের ছবি ভাগ করে নিয়েছেন। এমনই নানা আদুরে মুহূর্ত সেপ্টেম্বর পর্যন্ত। অক্টোবর মাসের ঝলকে দেখা যাচ্ছে ইলিয়ানার হাতে 'প্রেগন্যান্সি টেস্ট কিট'। সেখানেই অভিনেত্রীর আবেগঘন অভিব্যক্তি দেখে নেটাগরিকের অনুমান, ফের মা হচ্ছেন ইলিয়ানা। তবে ইলিয়ানা নিজে জানাননি, তিনি অন্তঃসত্ত্বা কি না।



ইলিয়ানা ডি'ক্রুজ

এক নেটাগরিক লিখেছেন, "আপনি কি আবার অন্তঃসত্ত্বা? অক্টোবরেই আপনি সুখবর পেয়েছেন, মনে হচ্ছে। অনেক শুভেচ্ছা।"

আরেক নেটাগরিকের কথায়, "আপনাকে অনেক শুভেচ্ছা। আপনি দ্বিতীয় বারের জন্য মা হতে চলেছেন।"

মাইকেল ডোলানকে বিয়ে করেছেন ইলিয়ানা। ২০২৩-এর অগস্ট মাসে তাদের কোলে আসে পুত্রসন্তান কোয়া। ২০২৪-এ পুত্রের জন্মদিন পালনও করেন তারা। সেই উপলক্ষে একগুচ্ছ ছবিও ভাগ করে নেন অভিনেত্রী।

ইলিয়ানা যখন প্রথম মা হওয়ার খবর প্রকাশ্যে এনেছিলেন, অনেকেই চমকে উঠেছিলেন। তখন কেউই ইলিয়ানার স্বামী মাইকেল ডোলানের কথা জানতেন না। কিন্তু পরে নিজেই মাইকেলের কথা প্রকাশ্যে আনেন। ইলিয়ানাকে শেষ দেখা গিয়েছে 'তেরা কেয়া হোগা লাভলি' ও 'দো আউর দো পেয়ার' ছবিতে। আগামীতে ছোট পর্দার এক সিরিজে দেখা যাবে তাকে।

## জন্মদিনে হাসপাতালে ছিলেন অভিনেতা সাহেব চ্যাটার্জি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

টালিউড অভিনেতা সাহেব চ্যাটার্জির জন্মদিন ২৭ ডিসেম্বর। জন্মদিনের কয়েক ঘণ্টা আগে হাসপাতালের বিছানায় শুয়ে একটি ছবি পোস্ট করে সামাজিক মাধ্যমে সাহেব লেখেন, 'বন্ধুরা শারীরিক অসুস্থতার কারণে ২৫ ডিসেম্বর আমাকে হাসপাতালে ভর্তি হতে হয়েছে। তাই ২৬ ও ২৮ তারিখ আমার যে শো করার কথা ছিল তা আর করা হলো না। সেই কারণে অনুষ্ঠানের আয়োজক এবং দর্শকের কাছে আমি ক্ষমা চেয়ে নিচ্ছি। আশা করি, সকলে আমার অবস্থা বুঝতে পারবেন।

২০২৪ সালে একাধিক প্রিয়জনকে হারানোর পাশাপাশি নানা খারাপ সময়ের মাঝে কাটিয়েছেন টালিউড অভিনেতা সাহেব চ্যাটার্জি। আবার এ বছর বলিউডে অভিনয়ের মাধ্যমে নতুন সফরও শুরু করেছেন তিনি। তবে বছরের শেষ দিনগুলো একেবারেই ভালো কাটল না অভিনেতার। কারণ কিছুদিন ধরে অসুস্থ সাহেব। একে তো বছর শেষ, আবার জন্মদিবস; এমন মুহূর্ত হাসপাতালের বিছানাতেই কাটছে তার সময়।

এছাড়াও যারা আমায় জন্মদিনের শুভেচ্ছা বার্তা জানাতে ফোন করেছিলেন, হাসপাতালে থাকার কারণে আমি কারও সঙ্গে কথা বলতে পারছি না। তবে মন থেকে তাদের সকলকে ধন্যবাদ জানাই।'

তিনি আরো জানান, 'এই প্রথম জন্মদিন তিনি তার মাকে ছাড়া কাটালেন। সেই মন খারাপের কথা ব্যক্ত করে নিজের পোষ্যদের যে তিনি চোখে হারাচ্ছেন সেকথাও উল্লেখ করতে ভোলেননি সাহেব।'

তবে ঠিক কি কারণে হাসপাতালে ভর্তি সাহেব, তা যদিও এখনো জানা যায়নি। কিছুদিন আগেই কলকাতা শহরে এবং মুম্বাইতে মাধবনের সঙ্গে একটি হিন্দি ছবির শুটিং সেরেছেন অভিনেতা। এরপর হঠাৎ করে অসুস্থ হয়ে পড়েন তিনি, যদিও আগের থেকে এখন ভালো আছেন সাহেব।

সাহেব চ্যাটার্জির এই পোস্ট দেখার পর থেকেই নেটিজেনদের পাশাপাশি চিন্তিত হয়ে পড়েছেন টালিউডের একাধিক তারকা।

## রণবীর-আলিয়ার নতুন বছরের সেলিব্রেশন ভাইরাল!

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

২০২৫ সালকে স্বাগত জানাতে স্ত্রী আলিয়া ভাটকে কাছে টেনে নিলেন রণবীর। নতুন বছরের শুরুতেই ভালোবাসার জোয়ার দেখালেন বলিউডের তারকা দম্পতি রণবীর কাপুর ও আলিয়া। পরিবারের সঙ্গেই সেলিব্রেশনে মেতেছিলেন তারা।

সম্প্রতি ইনস্টাগ্রামে একটি ভিডিও স্টোরি শেয়ার করেন রণবীর কাপুরের মা নীতু কাপুর। সে ভিডিও দেখে বোঝা যায়, নতুন বছরকে স্বাগত জানাতে কোনো এক বিলাসবহুল রিসোর্টে গিয়েছিলেন রণবীর-আলিয়া। সঙ্গে ছিলেন নীতু কাপুর, সোনি রাজদান, স্বামী ও কন্যা-সহ রিধিমা কাপুর আর ছিল রণবীর-আলিয়া কন্যা রাহা।

তবে ভিডিওতে রাহাকে দেখা যায়নি। মাঝরাতের সেলিব্রেশন হয় খোলা আকাশের নিচে। তাই সম্ভবত ছোট্ট রাহা সেখানে ছিল না। তবে রণবীর ছিলেন মেজাজে। হাতে শ্যাম্পেনের বোতল নিয়েই নতুন বছরকে স্বাগত জানান তারকা। আতশবাজির ঝলকানিতে আকাশে ছড়াতেই আলিয়ার কাছে ছুটে চলে আসেন রণবীর; তাকে জড়িয়ে ধরে আদরে ভরিয়ে দেন।

এরপর ইনস্টাগ্রাম পোস্টে কয়েকটি ছবি পোস্ট করেন নীতু কাপুর।



সেখানে তাদের পুরো পরিবারকেই একসঙ্গে দেখা গেছে। সেখানে রণবীর কাপুরকে কালো শার্ট আর ট্রাউজারে দেখা গেছে। রাহাকে কোলে নিয়ে দাঁড়িয়ে রয়েছেন রণবীর। ছোট রাহা পরেছিল লাল-সাদা সুন্দর একটা ফ্রক, মাথার চুল তার লাল ফিতে দিয়ে বাঁধা। এদিকে আলিয়ার পরনে ছিল কালো শর্ট ড্রেস। মেয়ের ঠিক পাশে দাঁড়িয়ে থাকতে দেখা গেল সোনি রাজদানকে।

একসময় রণবীরের নারীসঙ্গ নিয়ে প্রচুর চর্চা হত বি-টাউনে। দীপিকা পাডুকোন, ক্যাটরিনা কাইফের সঙ্গে সম্পর্কে ছিলেন কাপুর জুনিয়র। 'ব্রহ্মাস্ত্র' সিনেমার শুটিংয়ে আলিয়ার সঙ্গে সম্পর্কের সূত্রপাত। ২০২২ সালের এপ্রিল মাসে ঘরোয়াভাবেই বিয়ে সারে এই তারকা যুগল। সে বছরের নভেম্বর মাসেই রাহার জন্ম। এখন রণবীর একজন 'ফ্যামিলি ম্যান'। আলিয়া-রাহাকে চোখে হারাতে চান না তিনি।

## অন্তরঙ্গ ছবি ভাইরাল, শিখর-হুমার প্রেমের গুঞ্জন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

সামাজিক যোগাযোগমাধ্যমে আলোচনার কেন্দ্রবিন্দুতে রয়েছেন ভারতীয় ক্রিকেটার শিখর ধাওয়ান এবং বলিউড অভিনেত্রী হুমা কুরেশি। বিটাউনে গুঞ্জন শোনা যাচ্ছিল, অভিনেত্রী হুমা কুরেশির সঙ্গে নাকি সম্পর্কে জড়িয়েছেন এই বাঁহাতি ব্যাটার। সম্প্রতি সুইমিংপুলে দু'জনের গোসলরত একাধিক ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে পোস্ট হতেই মুহূর্তের মধ্যে তা ভাইরাল হয়েছে। শিখর ধাওয়ানের ব্যক্তিগত জীবন দীর্ঘদিন ধরেই আলোচনায়। ২০২৩ সালে তিনি স্ত্রী আয়েশা মুখার্জির সঙ্গে বিচ্ছেদ চূড়ান্ত করেন। এরপর থেকেই তার সম্পর্ক নিয়ে একের পর এক গুঞ্জন ওঠে। একসময় তো সাবেক ভারতীয় নারী ক্রিকেট দলের অধিনায়ক মিতালি রাজের সঙ্গে তার বিয়ের গুজব ছড়িয়ে পড়েছিল। তবে ধাওয়ান নিজেই একটি টক শো-তে সেই গুজব মিথ্যা বলে জানান।

২০২২ সালে মুক্তি পাওয়া ডাবল এক্সএল ছবিতে শিখর ধাওয়ান একটি বিশেষ চরিত্রে অভিনয় করেন। ছবির প্রধান চরিত্রে ছিলেন হুমা কুরেশি। এখান থেকেই শুরু হয় গুঞ্জনের সূত্রপাত। একসঙ্গে স্ক্রিন শেয়ার করার পর থেকেই তাদের সম্পর্ক নিয়ে জল্পনা শুরু হয়। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ধাওয়ান ও হুমার বেশ কয়েকটি ছবির আসল সত্য কিন্তু অন্যরকম। ভাইরাল হওয়া ছবিগুলো এআই প্রযুক্তির মাধ্যমে তৈরি। এগুলো বাস্তব নয়, বরং প্রযুক্তির কারসাজি।

ঠিক এমনই গুজব সম্প্রতি ছড়িয়েছিল ক্রিকেটার মোহাম্মদ শামি এবং টেনিস তারকা সানিয়া মির্জাকে নিয়েও। তাদের সম্পর্ক নিয়েও একই ধরনের ভুয়া ছবি ভাইরাল হয়েছিল। হুমা কুরেশি বর্তমানে তার অভিনয়ের প্রশিক্ষক রচিত সিংয়ের সঙ্গে সম্পর্কে রয়েছেন বলে জানা গেছে। সোনাক্ষী সিনহার বিয়েতে তাদের একসঙ্গে দেখা গিয়েছিল। এর মাধ্যমে ধাওয়ানের সঙ্গে তার সম্পর্কের গুঞ্জন পুরোপুরি ভিত্তিহীন বলে মনে হয়। শিখর ধাওয়ান এবং হুমা কুরেশির বিয়ের খবর সম্পূর্ণ মিথ্যা। এটি এআই-নির্ভর ভুয়া তথ্য এবং সোশ্যাল মিডিয়ার গুজব ছাড়া আর কিছুই নয়। গুজবের এই ফাঁদে পা দেওয়ার আগে সত্যতা যাচাই করুন।

## বুমরাহকে নিয়ে অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রীর রসিকতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

চলতি বোর্ডার-গাভাস্কার ট্রফিতে অস্ট্রেলিয়ার ব্যাটসম্যানদের জন্য যেন আতঙ্কের এক নাম জাসপ্রিত বুমরাহ। ভারতের তারকা পেসারের দুর্দান্ত বোলিংয়ের জবাব খুব একটা খুঁজে পাচ্ছে না স্বাগতিকরা। অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি অ্যালবানিজ মজা করে বললেন, ডান হাতে বোলিং করতে দেওয়া যাবে না বুমরাহকে।

সিরিজে প্রথম চার টেস্টে ১২.৮৩ গড়ে ডানহাতি পেসার বুমরাহ নিয়েছেন ৩০ উইকেট। তালিকায় দ্বিতীয় স্থানে থাকা অস্ট্রেলিয়ান অধিনায়ক প্যাট কামিন্সের চেয়ে যা ১০টি বেশি। সিরিজে যদিও ২-১ ব্যবধানে পিছিয়ে আছে ভারত। শুক্রবার (৩ জানুয়ারি) সিডনি ক্রিকেট গ্রাউন্ডে শুরু হবে শেষ টেস্ট।

এর আগে, সিডনির কিরিবিলি হাউজে অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যালবানিজ ও তার বাগদত্তা জোডি হেডেনের আয়োজনে নতুন বছরের সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দিয়েছিল দুই দল। অস্ট্রেলিয়ার সংবাদমাধ্যম 'সিডনি মর্নিং হেরাল্ড'- এর প্রতিবেদন অনুযায়ী, দেড় ঘন্টার ওই আয়োজনে বুমরাহর বোলিংয়ের প্রশংসা করেন অ্যালবানিজ।

শতাধিক অতিথির সামনে হাসতে হাসতে তিনি বলেন, "আমরা এখানে একটি আইন পাস করতে পারি, সেই অনুযায়ী, তাকে বাঁ হাতে বা এক স্টেপ নিয়ে বল করতে হবে। তিনি যতবার বোলিংয়ে এসেছেন, ততবারই খুব ভয়ঙ্কর ছিলেন।"

অস্ট্রেলিয়ার তরুণ সেনসেশন স্যাম কনস্টাসেরও উচ্ছ্বসিত প্রশংসা করেন অ্যালবানিজ। গত নভেম্বরে ভারতের বিপক্ষে প্রাইম মিনিস্টার'স একাদশের হয়ে সেঞ্চুরি করেন ১৯ বছর বয়সী ওপেনার। মেলবোর্নে অভিষেক টেস্টে প্রথম ইনিংসে তিনি উপহার দেন আগ্রাসী ফিফটি।

## কেন নিষিদ্ধ হলেন কুনিয়া?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

প্রিমিয়ার লিগে গত ১৪ ডিসেম্বর ইপ্সউইচ টাউনের বিপক্ষে খেলা চলাকালীন ক্লাবটির নিরাপত্তাকর্মীর সঙ্গে বিবাদে জড়িয়ে পড়েন উলভারহ্যাম্পটন ওয়ানডারার্সের ব্রাজিলিয়ান ফরোয়ার্ড মাথিউস কুনিয়া। যে কারণে তাকে দুই ম্যাচের জন্য নিষিদ্ধ করেছে ইংল্যান্ডের ফুটবল অ্যাসোসিয়েশন (এফএ)।

ম্যাচটিতে অবশ্য জিততে পারেনি কুনিয়ার দল। ২-১ ব্যবধানে হেরে বসে। ম্যাচ শেষে প্রতিপক্ষের নিরাপত্তাকর্মীকে কনুই দিয়ে আঘাত করেন কুনিয়া। পরে তার চশমাও কেড়ে নেন ব্রাজিলিয়ান এই ফরোয়ার্ড। এই ঘটনায় নিষেধাজ্ঞার পাশাপাশি জরিমানাও গুণতে হবে তাকে। দিতে হবে ৮০ হাজার পাউন্ড।

এই নিষেধাজ্ঞার কারণে প্রিমিয়ার লিগে নটিংহ্যাম ফরেস্ট ও এফএ কাপের তৃতীয় রাউন্ডে ব্রিস্টল সিটির বিপক্ষে গুরুত্বপূর্ণ এই ফরোয়ার্ডকে পাবে না উলভস। যদিও ভালো অবস্থানে নেই ক্লাবটি। ১৯ ম্যাচে ১৬ পয়েন্ট নিয়ে ১৭তম স্থানে রয়েছে তারা।

## বুমরাহ না থাকলে অস্ট্রেলিয়া-ভারত সিরিজ একপেশে হতো : ম্যাকগ্রা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

চলমান বর্ডার-গাভাস্কার ট্রফিতে হাড্ডাহাড্ডি লড়াই জমিয়ে তুলেছে অস্ট্রেলিয়া ও ভারত। চার ম্যাচ শেষে সিরিজে ২-১ ব্যবধানে এগিয়ে অস্ট্রেলিয়া। তবে, ভারতের হাতে এখনও সুযোগ আছে পঞ্চম ম্যাচ জিতে সিরিজ সমতায় শেষ করে ট্রফি ধরে রাখার। অস্ট্রেলিয়ার মাটিতে সিরিজে এখনও টিকে থাকার পেছনে মূল ভূমিকা রাখছেন পেসার জাসপ্রীত বুমরাহ। অস্ট্রেলিয়ার কিংবদন্তি পেসার গ্লেন ম্যাকগ্রার মতে, বুমরাহ না থাকলে এই সিরিজ একপেশে হতো।

আগামীকাল শুক্রবার সিডনিতে শুরু হচ্ছে বর্ডার-গাভাস্কার ট্রফির শেষ টেস্ট। এই মুহূর্তে সিরিজে ভারত পিছিয়ে থাকলেও সিরিজের প্রথম ম্যাচেই জয় পেয়েছিল ভারত। রোহিত শর্মা সেই ম্যাচে না থাকায় ভারতকে নেতৃত্ব দিয়েছিলেন বুমরাহ। সেই ম্যাচে দুর্দান্ত বোলিংও করেছিলেন তিনি।

সিরিজে পরের তিন ম্যাচেও দুর্দান্ত বোলিং করেছেন বুমরাহ। এখন পর্যন্ত ৪ টেস্টে ৩০ উইকেট নিয়েছেন এই ডানহাতি পেসার। তার ধারেকাছেও নেই কেউ। সমান ম্যাচ খেলে ২০ উইকেট নিয়ে তালিকায় দুইয়ে আছেন প্যাট কামিন্স।

ম্যাকগ্রা বলেন, সে (বুমরাহ) ভারত দলের সবচেয়ে গুরুত্বপূর্ণ সদস্যদের একজন। তাকে ছাড়া সিরিজটি আরও একপেশে হতে পারত। সে যা করে, তা বিশেষ কিছু। ভয়ংকর এক তরুণ, যে মানিয়ে নেওয়ার পথ খুঁজে পেয়েছে। শেষ কয়েক ধাপে সে যেভাবে বোলিংয়ে শক্তি যোগ করে, তা সত্যিই অবিশ্বাস্য।

২০২৪ সালটা দুর্দান্ত কেটেছে বুমরাহর। তিন ফরম্যাট মিলিয়ে ৮৬ উইকেট নিয়েছেন তিনি। যেখানে টেস্টেই তিনি নিয়েছেন ৭১ উইকেট। র‍্যাঙ্কিংয়ে ভারতের ইতিহাসে সর্বোচ্চ ৯০৭ রেটিং পয়েন্ট নিয়ে আছেন শীর্ষে।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR